

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.১২১.২১-২৭২

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: জিনদপুর ইউনিয়ন স্কুল এন্ড কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে জবাব প্রেরণ।

সূত্র: (১) ৯৭/১৩/অডিট/ক-৩/২০১৬/২৯৭; তারিখ: ১৫/০৫/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/ব্রাহ্মণবাড়িয়া/১৯০৮-সি/চট্ট:১৪৩৩; তারিখ: ১২/১০/২০১৫ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন জিনদপুর ইউনিয়ন স্কুল এন্ড কলেজটি বিগত ২৫/০৫/২০১৫ খ্রি. পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের দফাওয়ারী ব্রডশিট জবাব প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করা হয়। গত ১৫/০৩/২০২২ তারিখে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাব পর্যালোচনায় নিম্নবর্ণিত প্রভাষকগণের নিয়োগ সংক্রান্ত অভিযোগের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।


ক্র: নং	নাম	পদবি
১.	জনাব মো: গোলাম ছাদেক	প্রধান শিক্ষক
২.	জনাব জুলহাস মিয়া	সহকারী শিক্ষক (কৃষি)
৩.	জনাব শংকর দেবনাথ	সহকারী শিক্ষক (হিন্দু ধর্ম)
৪.	জনাব শাহীন হাসান	সহকারী শিক্ষক
৫.	জনাব মোমেনুল ইসলাম	সহকারী শিক্ষক
৬.	জনাব মইনুল ইসলাম	সহকারী শিক্ষক
৭.	জনাব সৈয়দা নাজমুন নাহার	সহকারী গ্রন্থাগারিক

উপরোক্ত প্রভাষকগণের বিপরীতে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত নিয়োগ সংক্রান্ত অভিযোগ এর বিষয়ে বিদ্যমান বিধি-বিধানের আলোকে দালিলিক প্রমানসহ জবাব এ কার্যালয়ে দাখিল করবেন প্রতিষ্ঠান প্রধান।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অধ্যক্ষ

জিনদপুর ইউনিয়ন স্কুল এন্ড কলেজ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া



(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন - ০২৫৫১০০৮১৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. জেলা শিক্ষা অফিসার, ব্রাহ্মণবাড়িয়া
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া
৫. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৬. অফিস কপি।